গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ
mymensinghsadar.mymensingh.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৫.৬১৫২.০০০.৯৯.০০১.২৫.১৬২৪

তারিখ : ০৪ অগ্রহায়ণ ১৪৩২ / ১৯ নভেম্বর ২০২৫

**বিষয় :- সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচী'র আওতায় বয়স্ক ভাতার উপকারভোগীদের সরেজমিন লাইভভেরিফিকেশন।**

**সূত্র : ০১. অর্থ বিভাগের স্মারক নম্বর: ০৭.০০.০০০০.০০০.১০৯.৯৯.০০০২.২৪.১৫১; তারিখ: ০৫ অক্টোবর ২০২৫ খ্রি. ।**
**সূত্র : ০২. সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সামাজিক নিরাপত্তা-১ শাখার স্মারক নম্বর: ৪১.০০.০০০০.০২৩.৩২.০০১.২৫.৪৭৮; তারিখ: ২৯ অক্টোবর ২০২৫ খ্রি. ।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ সদর, ময়মনসিংহের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক/ বিধবা / প্রতিবন্ধী ও অন্যান্য সকল ভাতার উপকারভোগীদের লাইভ ভেরিফিকেশন করা হবে। উক্ত লাইভ ভেরিফিকেশনে ভাতাভোগীর নিজের জাতীয় পরিচয় পত্র (NID) ব্যবহার করে তোলা মোবাইল ব্যাংকিং নাম্বার সহ স্ব.স্ব ইউনিয়নে সিডিউল অনুযায়ী বর্ণিত স্থান ও সময়ে সশরীরে উপস্থিত হতে হবে। লাইভ ভেরিফিকেশন চলাকালে কোন ভাতাভোগী/উপকারভোগী সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে নির্ধারিত তারিখে উপস্থিত না হলে ইউনিয়ন কমিটি/উপজেলা কমিটির সিদ্ধান্তের ভিত্তিতে ভাতা বাতিল হতে পারে।

উল্লেখ্য যে, অর্থ বিভাগের স্মারক নম্বর: ০৭.০০.০০০০.০০০.১০৯.৯৯.০০০২.২৪.১৫১; তারিখ: ০৫ অক্টোবর ২০২৫ খ্রি: ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সামাজিক নিরাপত্তা-১ শাখার স্মারক নম্বর:৪১.০০.০০০০.০২৩.৩২.০০১.২৫.৪৭৮; তারিখ: ২৯ অক্টোবর ২০২৫ খ্রি: মূলে জারিকৃত পত্রের আলোকে উপকারভোগীদের সরেজমিন লাইভ ভেরিফিকেশন কার্যক্রম ৩১ ডিসেম্বর ২০২৫ এর মধ্য সমাপ্ত হবে। এই সময়ের মধ্যেই ভাতাভোগীর নিজের জাতীয় পরিচয় পত্র (NID) ব্যবহার করে তোলা মোবাইল ব্যাংকিং নাম্বার সঠিক না হলে ভাতা স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

উক্ত ভেরিফিকেশন কার্যক্রম সংযুক্ত সিডিউল মোতাবেক ইউনিয়নভিত্তিক আগামী ২৩ নভেম্বর ২০২৫ হতে ১৮ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত পরিচালিত হবে। এমতাবস্থায় সিডিউল অনুযায়ী বিশেষ প্রচার প্রচারণা চালানোর জন্য সকল ইউনিয়ন পরিষদের প্রশাসক/চেয়ারম্যান মহোদয়কে বিশেষভাবে অনুরোধ করা হলো। লাইভ ভেরিফিকেশনের ক্ষেত্রে উপকারভাগীকে অবশ্যই নিম্নলিখিত কাগজপত্রাদি সঙ্গে নিয়ে আসতে হবে।

১. জাতীয় পরিচয়পত্রে ফটোকপি - ০১- কপি।
২. পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি - ০১-কপি।
৩. নিজ নামে রেজিষ্ট্রেশনকৃত মোবাইল নম্বর (যার মাধ্যমে ভাতা পাচ্ছেন/ পেতে ইচ্ছুক)।
৪. স্বামীর মৃত্যুর সনদ (বিধবা ভাতভোগীর ক্ষেত্রে)।
৫. সুবর্ণ নাগরিক কার্ড ( প্রতিবন্ধী ভাতাভোগী ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির ক্ষেত্রে)।

**বিষয়টি অতীব জরুরি**

**সংযুক্তি :**
১। লাইফ ভেরিফেকেশন সিডিউল ।

মোঃ আরিফুল ইসলাম প্রিন্স
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

মেম্বার/ চেয়ারম্যান/ প্রশাসক
........................................ ইউনিয়ন পরিষদ
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক, সামাজিক নিরাপত্তা অধিশাখা, সমাজসেবা অধিদফতর, ঢাকা;
২. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ;
৩. চেয়ারম্যান/প্রশাসক, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ;
৪. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ;
৫. সহকারী পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ;
৬. উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ, (প্রয়োজনীয় আনসার সদস্য দিয়ে সহায়তা করার অনুরোধ সহ)
৭. চেয়ারম্যান/প্রশাসক (সকল), ইউনিয়ন পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ (মাইকিং করার অনুরোধ সহ);
৮. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ (প্রত্যেক মসজিদে মাইকে প্রচারের অনুরোধ সহ);
৯. জনাব ফাহমিদা শবনম, ফিল্ডসুপারভাইজার, উপজেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ;
১০. জনাব .................. ইউনিয়ন সমাজকর্মী (সকল), উপজেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ;
১১. অফিস কপি।

১৯/১১/২০২৫
(মাকসুদা খাতুন)
উপজেলা সমাজসেবা অফিসার
ময়মনসিংহ সদর, ময়মসিংহ

CamScanner